

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৫.৭৩.০০১.১৯-৪৪০৫

তারিখঃ ১৯/১২/২০২২ খ্রি.

বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে আয়োজিত সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জনাব রাশেদা আকতার (অতিরিক্ত সচিব), মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।

স্থানঃ কনফারেন্স রুম, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।

তারিখ ও সময়ঃ ১৫/১২/২০২২ খ্রি. (সকাল ১০.০০ টা)

উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক'।

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি হলো নাগরিক এবং সেবাদাতাদের মধ্যে একটা চুক্তি যেখানে সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় বিবরণ ও নির্দেশনা বিবৃত থাকে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সকল সরকারি প্রতিষ্ঠানে সরকার কর্তৃক নির্ধারিত ফরমেটে সেবা প্রদান প্রতিশ্রুতি থাকা আবশ্যিক। তিনি ডিজিএনএম এর নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবাসমূহ যথাযথভাবে প্রদান করার উপর জোর দেন। স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কর্মরত নার্স ও মিডওয়াইফগণকে প্রতিষ্ঠানের সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন তিনি। সভাপতি সভার কার্যক্রম এগিয়ে নিতে পরিচালক (প্রশাসন) কে নির্দেশনা প্রদান করেন।

২। পরিচালক (প্রশাসন) সভায় উপস্থিত স্টেকহোল্ডারগণকে ডিজিএনএম এর সিটিজেন'স চার্টার প্রদর্শন করেন এবং প্রতিশ্রুত সেবাসমূহ বর্ণনা করেন। এরপর স্টেকহোল্ডারগণ উন্মুক্ত আলোচনায় অংশ নেন।

সভার আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	ডিজিএনএম এর সিটিজেন'স চার্টার হালনাগাদকরণ ও অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণকে সিটিজেন'স চার্টার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা দরকার মর্মে সহকারী পরিচালক (এসিআর) উল্লেখ করেন। এ বিষয়ে সিটিজেন চার্টার ফোকাল পয়েন্ট জানান, বর্তমানে প্রতি তিন মাস অন্তর ডিজিএনএম এর সিটিজেন'স চার্টার হালনাগাদ করা হয়।	সিটিজেন'স চার্টার পরীক্ষণ ও মূল্যায়ন কমিটি কর্তৃক প্রতি তিন মাস অন্তর ডিজিএনএম এর সিটিজেন'স চার্টার হালনাগাদ নিশ্চিত করা হবে। নতুন কোন সেবা যুক্ত হলে তা সিটিজেন'স চার্টারে অন্তর্ভুক্ত করা হবে। সিটিজেন'স চার্টারের বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণকে সিটিজেন'স চার্টার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে।	পরিচালক (প্রশাসন), ডিজিএনএম সিটিজেন'স চার্টার পরীক্ষণ ও মূল্যায়ন কমিটি
২.	স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কর্মরত নার্স ও মিডওয়াইফগণকে উক্ত প্রতিষ্ঠানের সিটিজেন'স চার্টার অনুসরণ করে নাগরিকগণকে সেবা প্রদান করা প্রয়োজন মর্মে সহকারী পরিচালক (প্রশাসন) মতামত দেন।	নার্স ও মিডওয়াইফগণ নিজ নিজ কর্মস্থলের সিটিজেন'স চার্টার অনুসরণ করে নাগরিকগণকে সেবা প্রদান করবেন এবং উক্ত প্রতিষ্ঠানের সেবা তত্ত্বাবধায়ক, উপ-সেবা তত্ত্বাবধায়ক ও নার্সিং সুপারভাইজারগণ তা মনিটরিং করবেন। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর হতেও আকস্মিক পরিদর্শনের মাধ্যমে মনিটরিং কার্যক্রম নিশ্চিত করা হবে।	সহকারী পরিচালক (প্রশাসন), ডিজিএন এম সেবা তত্ত্বাবধায়ক/ উপ- সেবা তত্ত্বাবধায়ক/ নার্সিং সুপারভাইজার (সকল)
৩.	সিটিজেন'স চার্টারে প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়সমূহ বিস্তারিত উল্লেখ না থাকায় এবং প্রশিক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি ও মোবাইল নম্বর উল্লেখ না থাকায় বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী নার্স ও মিডওয়াইফগণ প্রশিক্ষণ ক্যালেন্ডার সম্পর্কে ধারণা পাননা মর্মে হাসপাতালের সেবা তত্ত্বাবধায়কগণ উল্লেখ করেন।	সিটিজেন'স চার্টার এর পরবর্তী হালনাগাদকরণের সময় নার্সিং ও মিডওয়াইফারি বিষয়ে বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণের পদ্ধতি উল্লেখপূর্বক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি ও মোবাইল নম্বর উল্লেখ করা হবে।	সিটিজেন চার্টার ফোকাল পয়েন্ট

৫.	স্টেকহোল্ডারগণ সিটিজেন'স চার্টারে উল্লিখিত সময়সীমার মধ্যে সেবা প্রদান নিশ্চিত করার উপর জোর দেন।	সিটিজেন'স চার্টারে উল্লিখিত সময়সীমার মধ্যে যেন সেবা গ্রহীতাগণ সেবা পান, এ বিষয়ে সকল শাখা সচেতন থাকবে।	পরিচালক (সকল), ডিজিএনএম
----	--	---	----------------------------

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-
রাশেদা আকতার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৫.৭৩.০০১.১৯-৪৪০৫/ ১(৮)

তারিখঃ ১৯/১২/২০২২ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। পরিচালক (প্রশাসন/শিক্ষা ও শৃঙ্খলা/ অর্থ ও বাজেট), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
- ০৬। সেবা তত্ত্বাবধায়ক/ উপ-সেবা তত্ত্বাবধায়ক/ নার্সিং সুপারভাইজার.....হাসপাতাল (সকল)
- ০৭। প্রশাসনিক কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
- ০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।



১৯.১২.২০২২

মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)